
www.bdniyog.com

# বাংলার ইতিহাস
History of Bangla

## প্রাচীন যুগ

### বাঙালি জাতির উৎপত্তি (Origin of Bengali Race)

সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে দুইভাগে ভাগ করা যায়। যথা- প্রাক-আর্য (অনার্য) জনগোষ্ঠী এবং আর্য জনগোষ্ঠী। আর্যপূর্ব জনগোষ্ঠী মূলত নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনীয় এই চারটি শাখায় বিভক্ত ছিল। নিগ্রোদের মত দেহযুক্ত এক আদিম জাতি এদেশে বসবাস করত। এরাই ভীল, সাওতাল, মুণ্ডা প্রভৃতি উপজাতির পূর্বপুরুষ। অস্ট্রিক জাতি থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে বলে মনে করা হয়। কেউ কেউ তাদের 'নিষাদ জাতি' বলে থাকেন। প্রায় পাঁচ হাজার বছর পূর্বে ইন্দোচীন থেকে আসাম হয়ে বাংলায় প্রবেশ করে অস্ট্রিক জাতি নেগ্রিটোদের উৎখাত করে। অস্ট্রিক জাতির সমকালে বা কিছু পরে প্রায় পাঁচ হাজার বছর পূর্বে দ্রাবিড় জাতি এদেশে আসে এবং সভ্যতায় উন্নতর বলে তাঁরা অস্ট্রিক জাতিকে গ্রাস করে। অস্ট্রিক-দ্রাবিড় জাতির সাথে মঙ্গোলীয় বা ভোটচীনীয় জাতির সংমিশ্রণ ঘটে। বাংলাদেশে আর্যকরণের পরেই এদের আগমন ঘটে বলে বাঙালির রক্তে এদের মিশ্রণ উল্লেখযোগ্য নয়। গারো, কোচ, ত্রিপুরা, চাকমা ইত্যাদি এই গোষ্ঠীভুক্ত। অস্ট্রিক-দ্রাবিড় জনগোষ্ঠীর মিশ্রণে যে জাতির প্রবাহ চলছিল, তার সাথে আর্য জাতি এসে সংযুক্ত হয়ে গড়ে তুলেছে বাঙালি জাতি।




আর্যদের আদিনিবাস ছিল ইউরাল পর্বতের দক্ষিণে বর্তমান মধ্য এশিয়া- ইরানে। ভারতবর্ষে আর্যদের আগমন ঘটেছিল খ্রিস্টপূর্ব ২০০ অব্দে। সম্ভবত খ্রিস্টীয় প্রথম শতকে বা তার কিছু আগে আর্যরা বাংলায় আসতে শুরু করে। আর্যরা সনাতনী ধর্মাবলম্বী ছিল। তাদের ধর্মগ্রন্থের নাম ছিল বেদ। খ্রিস্টীয় অষ্টম শতাব্দীর দিকে সেমীয় গোত্রের আরবীয়রা ইসলাম ধর্ম প্রচার এবং ব্যবসা বাণিজ্যের মাধ্যমে বাঙালি জাতির সঙ্গে সংমিশ্রিত হয়। তাদের অনুকরণে নেগ্রিটো রক্তবাহী হাবশিরাও এদেশে আসে। এমনিভাবে অন্তত দেড় হাজার বছরের অনুশীলন, গ্রহণ, বর্জন এবং রূপান্তিকরণের মাধ্যমে বাঙালি জাতি গড়ে উঠে। নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত আদি-অস্ট্রেলীয় (Proto-Australian) নরগোষ্ঠীভুক্ত।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. কোন গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে? [৩৪তম বিসিএস / ২৮তম বিসিএস]
ক নেগ্রিটো খ ভোটচীন
গ দ্রাবিড় ঘ অস্ট্রিক উত্তর: ঘ

২. বাংলাদেশের প্রাচীন জাতি কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১/ পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ৯৪]
ক আর্য খ মোঙ্গল
গ পুণ্ড্র ঘ দ্রাবিড় উত্তর: ঘ

৩. বাংলার আদি জনপদের অধিবাসীরা কোন জাতির অন্তর্ভুক্ত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৩-০৪]
ক বাঙালি খ আর্য
গ নিষাদ ঘ আলপাইন উত্তর: গ

৪. আর্য জাতি কোন দেশ থেকে এসেছিল? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক বাহরাইন খ ইরাক
গ মেক্সিকো ঘ ইরান উত্তর: ঘ

৫. আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক ইউরাল পর্বতের দক্ষিণে তৃণভূমি অঞ্চলে
খ হিমালয়ের পাদদেশে নেপালের দক্ষিণে
গ ভাগীরথী নদীর পশ্চিম তীরে
ঘ আফগানিস্তানের দক্ষিণ-পূর্ব পাহাড়ি এলাকায় উত্তর: ক

৬. আর্যদের ধর্মগ্রন্থের নাম কী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক ত্রিপিটক খ উপনিষদ
গ বেদ ঘ ভগবৎ গীতা উত্তর: গ

৭. বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩ / বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০০]
ক সংস্কৃত খ বাংলা
গ অস্ট্রিক ঘ হিন্দি উত্তর: গ

৮. নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত কোন নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত? [সাব- রেজিস্ট্রার : ০৩]
ক অ্যালপাইন খ আদি-অস্ট্রেলীয়
গ নার্ডিক ঘ মঙ্গোলীয় উত্তর: খ

৯. বাংলাদেশে বসবাসকারী উপজাতীয়দের বড় অংশ- [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক মঙ্গোলয়েড খ সেমাটিড
গ অস্ট্রালয়েড ঘ ককেশীয় উত্তর: ক

## বাংলার প্রাচীন জনপদ (The ancient Janapadasof Bangla)

বাংলা নামে একটি অখণ্ড দেশের জন্ম একবারে হয়নি। এর যাত্রা শুরু হয় জনপদগুলোর মধ্য দিয়ে। গৌড়, বঙ্গ, পুণ্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র এরকম প্রায় ১৬ টি জনপদের কথা জানা যায়। জনপদগুলোর মধ্য প্রাচীনতম হল পুণ্ড্র।

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : [redacted]mmad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/group[redacted]bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



| প্রাচীন জনপদ | বর্তমান অবস্থান |
|---|---|
| পুণ্ড্র (Pundra) | বৃহত্তর বগুড়া (মহাস্থানগড়), রাজশাহী, রংপুর, দিনাজপুর |
| বরেন্দ্র (Barendra) | রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ (রাজশাহী জেলার উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ) |
| বঙ্গ (Banga) | বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী |
| সমতট (Samatata) | পূর্ব এবং দক্ষিণ-পূর্ব বাংলা (বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী) |
| চন্দ্রদ্বীপ (Chandradeep) | বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, মাদারীপুর, গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট |
| গৌড় (Gaur) | মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান ও চাঁপাইনবাবগঞ্জ |
| রাঢ় (Rarh) | পশ্চিম বাংলার দক্ষিণাংশ (বর্ধমান জেলা) |
| হরিকেল (Harikela) | সিলেট, চট্টগ্রাম |

* 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' শব্দের উল্লেখ পাওয়া যায়।
* মোগল সম্রাট আকবরের সভাসদ আবুল ফজল তাঁর 'আইন-ই-আকবরী' গ্রন্থে দেশবাচক বাংলা শব্দ ব্যবহার করেন। তিনি 'বাংলা' নামের উৎপত্তি সম্পর্কে দেখিয়েছেন যে, এদেশের প্রাচীন নাম 'বঙ্গ' এর সাথে বাধ বা জমির সীমানাসূচক 'আল' (-আলি, আইল) প্রত্যয়যোগে 'বাংলা' শব্দ গঠিত হয়।
* প্রাচীন ভারতীয় ইতিহাস গ্রন্থের মধ্যে অন্যতম কলহনের লেখা 'রাজতরঙ্গিনী'। মৌর্য আমল থেকে শুরু করে পরবর্তী অনেক ঘটনা বিশেষ করে কাশ্মীরের রাজাদের কাহিনী বিস্তারিত বর্ণনা লেখক উক্ত গ্রন্থে দিয়েছেন।

## MCQ Solution

১. বাংলার সর্ব প্রাচীন জনপদের নাম কি? [৩৬তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫]
ক) পুণ্ড্র খ) তাম্রলিপ্ত
গ) গৌড় ঘ) হরিকেল
উত্তর: ক

২. বগুড়া প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ক) পুণ্ড্র খ) বরেন্দ্রী
গ) হরিকেল ঘ) গৌড়
উত্তর: ক

৩. পিরোজপুর জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক) চন্দ্রদ্বীপ খ) হরিকেল
গ) বঙ্গ ঘ) সমতট
উত্তর: ক

৪. বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীন কালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ক) সমতট খ) পুণ্ড্র
গ) বঙ্গ ঘ) হরিকেল
উত্তর: গ

৫. প্রাচীনকালে 'সমতট' বলতে বাংলাদেশের কোন অংশকে বুঝানো হতো? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০/ নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]
ক) বগুড়া ও দিনাজপুর অঞ্চল খ) কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল
গ) ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল ঘ) বৃহত্তম সিলেট অঞ্চল
উত্তর: খ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৬. প্রাচীন বাংলার নিম্নের কোন অঞ্চল বাংলাদেশের পূর্বাংশে অবস্থিত ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২]

ক হরিকেল খ সমতট
গ বরেন্দ্র ঘ রাঢ়

উত্তর: খ

৭. বর্তমান বৃহৎ বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]

ক সমতট খ পুণ্ড্রবর্ধন
গ বঙ্গ ঘ রাঢ়

উত্তর: গ

৮. বরেন্দ্র বলতে কোন এলাকাকে বুঝায়? [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অডিটর' : ৯৮]

ক উত্তরবঙ্গ খ পশ্চিমবঙ্গ
গ উত্তর-পশ্চিমবঙ্গ ঘ দক্ষিণ-পূর্ববঙ্গ

উত্তর: গ

৯. রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশে, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে গঠিত- [১৯তম বিসিএস]

ক পলল গঠিত সমভূমি খ বরেন্দ্রভূমি
গ উত্তরবঙ্গ ঘ মহাস্থানগড়

উত্তর: খ

১০. বরেন্দ্রভূমি নামে পরিচিত- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫/ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]

ক ময়নামতি ও লালমাই পাহাড় খ মধুপুর ও ভাওয়াল গড়
গ সুন্দরবন ঘ রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ

উত্তর: ঘ

১১. বাংলাদেশের কোন বিভাগে 'বরেন্দ্রভূমি' অবস্থিত? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ক সিলেট খ রাজশাহী
গ খুলনা ঘ বরিশাল

উত্তর: খ

১২. 'বরেন্দ্র' বলতে বর্তমান কোন অঞ্চলকে বোঝায়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩]

ক দিনাজপুর খ পাবনা
গ রাজশাহী ঘ খুলনা

উত্তর: গ

১৩. চট্টগ্রাম অঞ্চলের প্রাচীন নাম- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ক রাঢ় খ বঙ্গ গ হরিকেল
ঘ পুণ্ড্র ঙ গৌড়

উত্তর: গ

১৪. সিলেট -- প্রাচীন জনপদের অন্তর্গত- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ক বঙ্গ খ পুণ্ড্র
গ সমতট ঘ হরিকেল

উত্তর: ঘ

১৫. হরিকেল জনপদ - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ক ঢাকার সমার্থক খ বগুড়ার সমার্থক
গ কুমিল্লার সমার্থক ঘ সিলেটের সমার্থক

উত্তর: ঘ

১৬. বাংলাদেশের একটি প্রাচীন জনপদের নাম- [ইসলামী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৩-০৪]

ক রাঢ় খ চট্টলা
গ শ্রীহট্ট ঘ কোনোটিই নয়

উত্তর: ক

১৭. প্রাচীন রাঢ় জনপদ অবস্থিত -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ক বগুড়া খ কুমিল্লা
গ বর্ধমান ঘ বরিশাল

উত্তর: গ

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



১৮. প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [১৩তম বিসিএস / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩ -১৪ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]

ⓚ কুষ্টিয়া ⓛ বগুড়া
ⓖ কুমিল্লা ⓘ চাঁপাইনবাবগঞ্জ উত্তর: ঘ

১৯. সর্বপ্রথম 'বঙ্গ'র উল্লেখ পাওয়া যায় - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ⓚ রামচরিত ⓛ চণ্ডীমঙ্গল
ⓖ ঐতেরেয় আরণ্যক ⓘ করতোয়া মাহাত্ম্য উত্তর: গ

২০. বাংলা (দেশ ও ভাষা) নামের উৎপত্তির বিষয়টি কোন গ্রন্থে সর্বাধিক উল্লেখিত হয়েছে? [৩৬তম বিসিএস/ শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার : ৯৬ / মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা : ৯৬]

ⓚ আলমগীর নামা ⓛ আইন-ই-আকবরী
ⓖ আকবর নামা ⓘ তুজুক-ই-আকবরী উত্তর: খ

২১. 'রাজতরঙ্গিনী' ইতিহাস গ্রন্থের রচয়িতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ⓚ হিরোডোটাস ⓛ কলহন
ⓖ আবুল ফজল ⓘ জিয়াউদ্দিন উত্তর: খ



## আলেকজান্ডারের ভারতীয় উপমহাদেশে আক্রমণ

আলেকজান্ডার জাতিতে ছিলেন আর্য গ্রিক। তিনি ছিলেন ম্যাডিসনের রাজা ফিলিপসের পুত্র। বাল্যকালে তিনি প্রখ্যাত গ্রিক দার্শনিক এরিস্টটলের নিকট গৃহশিক্ষা লাভ করেন। খ্রিস্টপূর্ব ৩৩৫ অব্দে ফিলিপসের মৃত্যু হলে আলেকজান্ডার ম্যাডিসনের সিংহাসনে আরোহণ করেন। আলেকজান্ডার খ্রিস্টপূর্ব ৩২৭ অব্দে ভারতবর্ষ আক্রমণ করেন। খ্রিস্টপূর্ব ৩২৫ অব্দে ব্যাবিলনে তাঁর মৃত্যু হয়। আলেকজান্ডারের মৃত্যুর পর চন্দ্রগুপ্ত মৌর্য উপমহাদেশে গ্রিক প্রাধান্যের অবসান ঘটান।

সক্রেটিস —ছাত্র→ প্লেটো —ছাত্র→ এরিস্টটল —ছাত্র→ আলেকজান্ডার

## MCQ Solution

১. মহাবীর আলেকজান্ডার কোন শহরে মৃত্যুবরণ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]

ⓚ ব্যাবিলন ⓛ থেসালোনিকি
ⓖ আঙ্কারা ⓘ এথেন্স উত্তর: ক

২. বীর আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪ / তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]

ⓚ সফোক্লিস ⓛ সক্রেটিস
ⓖ এরিস্টটল ⓘ প্লেটো উত্তর: গ


Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

# বাংলায় মৌর্য যুগ (The Maurya Age of Bengal)

**চন্দ্রগুপ্ত মৌর্য** (খ্রিস্টপূর্ব ৩২৮ - ৩০০ অব্দ)

ভারতীয় উপমহাদেশের প্রথম সাম্রাজ্যের নাম মৌর্য সাম্রাজ্য। চন্দ্রগুপ্ত মৌর্য খ্রিস্টপূর্ব ৩২১ অব্দে মগধের সিংহাসনে আরোহণের মাধ্যমে ভারতে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি ভারতের প্রথম সম্রাট। পাটলিপুত্র ছিল তাঁর রাজধানী। চাণক্য ছিলেন তাঁর প্রধানমন্ত্রী। চাণক্যের বিখ্যাত ছদ্মনাম কৌটিল্য, যা তিনি তাঁর বিখ্যাত সংস্কৃত গ্রন্থ 'অর্থশাস্ত্র' এ গ্রহণ করেছেন। রাষ্ট্রশাসন ও কূটনীতিকৌশলের সার সংক্ষেপ এই অর্থশাস্ত্র। তিনি আলেকজান্ডারের সেনাপতি সেলিউকসকে পরাজিত করে উপমহাদেশ হতে গ্রিকদের তাড়িয়ে দেন।



চাণক্য



সম্রাট অশোক

**সম্রাট অশোক** (খ্রিস্টপূর্ব ২৭৩- ২৩২ অব্দ)

মৌর্য বংশের তৃতীয় সম্রাট ছিলেন অশোক। উত্তর বাংলায় মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয় সম্রাট অশোকের রাজত্বকালে। অঞ্চলটি মৌর্যদের একটি প্রদেশে পরিণত হয়েছিল। প্রাচীন পুন্ড্রনগর ছিল এ প্রদেশের রাজধানী। মহাস্থানগড়ে সম্রাট অশোকের একটি শিলালিপি পাওয়া গেছে। 'কলিঙ্গের যুদ্ধ' সম্রাট অশোকের জীবনে ছিল এক মাইলস্টোন। যুদ্ধে কলিঙ্গ রাজ সম্পূর্ণ পরাজিত হন এবং এক লক্ষ লোক নিহত হয়। কলিঙ্গ যুদ্ধের রক্তস্রোত অশোকের মনে গভীর বেদনার রেখাপাত করে। তখন কৃতকর্মের অনুশোচনায় মূহ্যমান অশোক বৌদ্ধ ধর্মে দীক্ষা গ্রহণ করেন। তাঁর শাসনামলে বৌদ্ধধর্ম রাজধর্ম হিসাবে স্বীকৃতি পায়। তাঁর চেষ্টায় বৌদ্ধধর্ম বিশ্বধর্মের মর্যাদা পায়। এজন্য তাঁকে 'বৌদ্ধধর্মের কনস্ট্যানটাইন' বলা হয়।

## MCQ Solution

১. **পাটালিপুত্র রাজধানী ছিল—** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]

ক গুপ্তদের খ সেনদের
গ পালদের ঘ মৌর্যদের
**উত্তর: ঘ**

২. **কৌটিল্য কার নাম?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]

ক প্রাচীন রাজনীতিবিদ খ প্রাচীন অর্থশাস্ত্রবিদ
গ পণ্ডিত ঘ রাজ কবি
**উত্তর: খ**

৩. **Who is the author of the Book 'Arthasastra'?** [Jahangirnagar University (Public Adminstration) : 13-14] **Or,**
**'অর্থশাস্ত্র' এর রচয়িতা কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৫-০৬]

ⓐ Kautilya ⓑ Confucious
ⓒ Max Weber ⓓ Talcott Parsons
**Ans. a**

৪. **অশোক কোন বংশের সম্রাট ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৪-০৫]

ক মৌর্য খ গুপ্ত
গ পুষ্যভূতি ঘ কুশান
**উত্তর: ক**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৫. কোন যুদ্ধের ভয়াবহ পরিণাম প্রত্যক্ষ করে মহারাজ অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন? [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮ / প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]

ⓚ হিদাস্পিসের যুদ্ধ ⓚ কলিঙ্গের যুদ্ধ
ⓖ মেবারের যুদ্ধ ⓖ পানিপথের যুদ্ধ

উত্তর: খ

৬. বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন কাকে বলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ⓚ অশোক ⓚ চন্দ্রগুপ্ত
ⓖ মহাবীর ⓖ গৌতম বুদ্ধ

উত্তর: ক

## বাংলায় গুপ্ত যুগ (The Gupta Age of Bengal)

গুপ্ত যুগকে প্রাচীন ভারতীয় উপমহাদেশের স্বর্ণযুগ বলা হয়। এ যুগে সাহিত্য, বিজ্ঞান ও শিল্পের খুবই উন্নতি হয়।

### প্রথম চন্দ্রগুপ্ত (৩২০-৩৪০ খ্রি.)

ভারতে গুপ্তবংশের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন প্রথম চন্দ্রগুপ্ত । তিনি ৩২০ সালে পাটলিপুত্রের সিংহাসনে আরোহণ করেন।

### সমুদ্রগুপ্ত (৩৪০-৩৮০ খ্রি.)

চন্দ্রগুপ্তের মৃত্যুর পর সমুদ্রগুপ্ত পাটলিপুত্রের (পাটনা) সিংহাসনে বসেন। তিনি ছিলেন গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা। তাঁকে 'প্রাচীন ভারতের নেপোলিয়ন' বলা হয়। তাঁর আমলে সমতট ছাড়া বাংলার অন্যান্য জনপদ গুপ্ত সাম্রাজ্যের অধীনে ছিল। গুপ্ত অধিকৃত বাংলার রাজধানীও ছিল পুণ্ড্রনগর।

### দ্বিতীয় চন্দ্রগুপ্ত (৩৮০-৪১৫ খ্রি.)


আর্যভট্ট

সমুদ্রগুপ্তের মৃত্যুর পর দ্বিতীয় চন্দ্রগুপ্ত পাটলিপুত্রের সিংহাসনে বসেন। তিনি মালবের উজ্জয়িনীতে সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী স্থাপন করেন। 'বিক্রমাদিত্য' ছিল তাঁর উপাধি। অনেক প্রতিভাবান ও গুণী ব্যক্তি তাঁর দরবারে সমবেত হয়েছিলেন। এঁদের মধ্যে প্রধান নয়জনকে 'নবরত্ন' বলা হয়। তাঁর সভায় কালিদাস, বিশাখ দত্ত, নাগার্জুন, আর্যদেব, সিদ্ধসেন, দিবাকর প্রমুখ কবি সাহিত্যিকের সমাবেশ ঘটে। আর্যভট্ট এবং বরাহমিহির ছিলেন বিখ্যাত বিজ্ঞানী। আর্যভট্ট অন্য সবার আগে পৃথিবীর আহ্নিক ও বার্ষিক গতি নির্ণয় করেন। আর্যভট্টের গ্রন্থের নাম 'আর্য সিদ্ধান্ত'। বরাহ মিহির ছিলেন একজন জ্যোতির্বিদ। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম 'বৃহৎ সংহিতা'। ৬ষ্ঠ শতকের প্রথমার্ধে ভারতে বিশাল গুপ্ত সম্রাজ্যের পতন ঘটে। মধ্য এশিয়ার দুর্ধর্ষ যাযাবর জাতি হুনদের আক্রমণে টুকরো টুকরো হয়ে যায় গুপ্ত সাম্রাজ্য।

## MCQ Solution

১. কোন যুগ প্রাচীন ভারতের স্বর্ণযুগ হিসেবে পরিচিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ⓚ মৌর্যযুগ ⓚ শুঙ্গযুগ
ⓖ কুষাণযুগ ⓖ গুপ্তযুগ

উত্তর: ঘ

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২. কোনটি প্রাচীন নগরী নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ কর্ণসুবর্ণ ⓛ উজ্জয়নী
ⓖ বিশাখাপট্টম ⓖ পাটলিপুত্র উত্তর: গ

## গুপ্ত পরবর্তী যুগ (Post Gupta Period)

গুপ্তবংশের পতনের পর বাংলায় দুটি স্বাধীন রাজ্যের উদ্ভব হয়। এর একটি ছিল প্রাচীন 'বঙ্গ রাজ্য'। রাজ্যটির অবস্থান ছিল দক্ষিণপূর্ব বাংলা এবং পশ্চিম বাংলার দক্ষিণাঞ্চল। দ্বিতীয় স্বাধীন রাজ্যের নাম গৌড়। এর অবস্থান ছিল বাংলার পশ্চিম এবং উত্তরাঞ্চল জুড়ে।

### স্বাধীন বঙ্গ রাজ্য (Independent Kingdom of Banga)

প্রাচীনকালে রাজারা তামার পাতে খোদাই করে বিভিন্ন ঘোষণা বা নির্দেশ দিতেন। এগুলোকে তাম্রশাসন বলা হত। স্বাধীন বঙ্গ রাজ্য আমলের এ রকম ৭টি তাম্র লিপি পাওয়া গেছে।

### স্বাধীন গৌড় রাজ্য (Independent Kingdom of Gaur)

গুপ্ত রাজাদের অধীনে বড় কোন অঞ্চলের শাসনকর্তাকে বলা হত 'মহাসামন্ত'। শশাংক ছিলেন গুপ্ত রাজা মহাসেন গুপ্তের একজন মহাসামন্ত। শশাংক গৌড়ের রাজা হয়েছিলেন ৬০৬ সালের কিছু আগে। তিনি প্রাচীন বাংলার জনপদগুলোকে গৌড় নামে একত্রিত করেন। শশাংকের উপাধি ছিল রাজাধিরাজ। তিনি ছিলেন বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা। শশাংক রাজধানী স্থাপন করেন কর্ণসুবর্ণে। এটি ছিল বর্তমান মুর্শিদাবাদ জেলায়।

### হর্ষবর্ধন (৬০৬ - ৬৪৭ খ্রি.)

হর্ষবর্ধন পুষ্যভূতি বংশের শ্রেষ্ঠ রাজা। এ সময় কনৌজ ছিল এদেশের রাজধানী। এটি ছিল অত্যন্ত সুন্দর। তাঁর সময়ের বিখ্যাত সাহিত্যিক ছিলেন বানভট্ট। বানভট্টের বিখ্যাত গ্রন্থ 'হর্ষচরিত'।

## MCQ Solution

১. প্রাচীন বাংলায় কতটি রাজ্য ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ⓚ ২টি ⓛ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি উত্তর: ক

২. প্রাচীনকালে এদেশের নাম ছিল - [সাব-রেজিস্ট্রার : ০১]
ⓚ বাংলাদেশ ⓛ বঙ্গ
ⓖ বাংলা ⓖ বাঙ্গালা উত্তর: খ

৩. প্রাচীন বাংলার জনপদগুলোকে গৌড় নামে একত্রিত করেন-[রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ⓚ রাজা কণিষ্ক ⓛ বিক্রমাদিত্য
ⓖ চন্দ্রগুপ্ত মৌর্য ⓖ রাজা শশাংক উত্তর: ঘ

৪. বঙ্গ ও গৌড় দুটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটে কত শতকে? [সাব-রেজিস্ট্রার : ০১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫ -১৬]
ⓚ ষষ্ঠ ⓛ অষ্টম
ⓖ দশম ⓖ একাদশ উত্তর: ক

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Muhammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৫. ধারণা করা হয়, প্রাচীন গৌড় জনপদের অন্তর্ভুক্ত ছিল-[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ মুর্শিদাবাদ ⓚ যশোর
ⓖ ময়মনসিংহ ⓖ চট্টগ্রাম উত্তর: ক

৬. প্রাচীন বাংলার প্রথম গুরুত্বপূর্ণ নরপতি কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ হর্ষবর্ধন ⓚ শশাংক
ⓖ গোপাল ⓖ লক্ষণ সেন উত্তর: খ

৭. কে গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ⓚ শশাংক ⓚ বর্মন
ⓖ ভাস্কর ⓖ দেবগুপ্ত উত্তর : ক

৮. বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা হলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]
ⓚ ধর্মপাল ⓚ গোপাল
ⓖ শশাংক ⓖ দ্বিতীয় চন্দ্র গুপ্ত উত্তর: গ

৯. একসময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার রাজধানী মুর্শিদাবাদের প্রাক্তন নাম ছিল- [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ⓚ সিনহাবাদ ⓚ চন্দ্রদ্বীপ
ⓖ গৌড় ⓖ মাকসুদাবাদ উত্তর: গ

১০. শশাংকের রাজধানী ছিল- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ কর্ণসুবর্ণ ⓚ গৌড়
ⓖ নদীয়া ⓖ ঢাকা উত্তর: ক

১১. প্রাচীন বাংলার কোন এলাকা কর্ণসুবর্ণ নামে কথিত হতো? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ মুর্শিদাবাদ ⓚ রাজশাহী
ⓖ চট্টগ্রাম ⓖ মেদিনীপুর উত্তর: ক

১২. শশাংক প্রথম জীবনে ছিলেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ কৃষক ⓚ সামন্ত
ⓖ রাজা ⓖ সম্রাট উত্তর: খ

BCS Spotlight

## পাল বংশ (Pala Dynasty)

### মাৎস্যন্যায় (Matsyanayam)

শশাংকের পর দীর্ঘদিন বাংলায় কোন যোগ্য শাসক ছিলনা। ফলে রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। কেন্দ্রীয় শাসন শক্তভাবে ধরার মত কেউ ছিলনা। সামন্ত রাজারা প্রত্যেকেই বাংলার রাজা হওয়ার কল্পনায় অস্ত্র নিয়ে ঝাপিয়ে পড়তে থাকেন। এ অরাজকতাপূর্ণ সময় (৭ম-৮ম শতক) কে পাল তাম্র শাসনে আখ্যায়িত করা হয়েছে 'মাৎস্যন্যায়' বলে। পুকুরে বড় মাছগুলো শক্তির দাপটে ছোট মাছ ধরে ধরে খেয়ে ফেলার বিশৃঙ্খল পরিস্থিতিকে বলে 'মাৎস্যন্যায়'। বাংলার সবল অধিপতিরা এমনি করে ছোট ছোট অঞ্চলগুলোকে গ্রাস করেছিল।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## গোপাল (৭৫৬-৭৮১ খ্রি.)

৭৫৬ খ্রিস্টাব্দে বাংলার অরাজক পরিস্থিতির অবসান ঘটে পাল রাজত্বের উত্থানের মধ্য দিয়ে। পাল বংশের প্রথম রাজা ছিলেন গোপাল। বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু হয় পাল বংশের রাজত্বকালে। পাল বংশের রাজারা একটানা চারশত বছর এদেশ শাসন করেছিলেন। এত দীর্ঘ সময় আর কোন রাজবংশ এদেশ শাসন করেনি। পাল বংশের রাজারা ছিলেন বৌদ্ধ ধর্মাবলম্বী।





## ধর্মপাল (৭৮১-৮২১ খ্রি.)

পাল রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন গোপালের পুত্র ধর্মপাল। তার যুগে তিনটি রাজবংশ প্রতিযোগিতায় নেমেছিল উত্তর ভারতে আধিপত্য বিস্তার করতে। একটি বাংলার পাল বংশ, অন্যটির রাজপুতানার গুর্জর প্রতীহার বংশ এবং তৃতীয়টি দাক্ষিণাত্যের রাষ্ট্রকুট বংশ। ইতিহাসে এ যুদ্ধ পরিচিত হয়েছে 'ত্রিশক্তির সংঘর্ষ' (Tripartite War) নামে।

## প্রথম মহীপাল (৯৯৫-১০৪৩ খ্রি.)

বাংলার প্রাচীনতম চিত্রকলার নিদর্শন পাল-আমলে রাজা মহীপাল দেব এর সময়ে তালপাতায় অঙ্কিত নালন্দা মহাবিহারের 'বৌদ্ধ-অনুচিত্র'।


বুদ্ধের জন্ম (৯৮৩ খ্রি.)

## দ্বিতীয় মহীপাল (১০৭৫-১০৮০ খ্রি.)

সাধারণ মানুষের অংশগ্রহণের মাধ্যমে বাংলায় প্রথম সফল বিদ্রোহ হয় পাল আমলে। রাজা দ্বিতীয় মহীপালের শাসনামলে কৈবর্ত বিদ্রোহ হয়। অনেকে শুধু জেলে সম্প্রদায়কে কৈবর্ত বললেও প্রকৃতপক্ষে জেলে, কৃষক এবং শ্রমজীবী মানুষকে সাধারণত কৈবর্ত বলা হতো। পাল রাজাদের এক সামন্ত দিব্যর নেতৃত্বে কৈবর্তরা রাজ্যের বরেন্দ্রীয় অংশ দখল করে নেয়। কৈবর্ত্য বিদ্রোহকে অনেক সময় বরেন্দ্র বিদ্রোহ বা সামন্ত বিদ্রোহও বলা হয়ে থাকে। রাজা দ্বিতীয় মহীপাল কৈবর্তবাহিনীকে আক্রমণ করতে গিয়ে নিজে নিহত হন।

## রামপাল (১০৮২-১১২৪ খ্রি.)

পাল বংশের সর্বশেষ রাজা ছিলেন রামপাল। সন্ধ্যাকর নন্দীর 'রামচরিতম' গ্রন্থ থেকে রামপালের রাজত্ব সম্পর্কে জানা যায়। বরেন্দ্র এলাকায় পানিকষ্ট দূর করার জন্য তিনি অনেক দীঘি খনন করেন। দিনাজপুর শহরের নিকট যে 'রামসাগর' রয়েছে তা রামপালের কীর্তি।

## MCQ Solution

১. 'মাৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓚ ৫ম-৬ষ্ঠ শতক ⓚ ৬ষ্ঠ-৭ম শতক
ⓖ ৭ম-৮ম শতক ⓖ ৮ম-৯ম শতক

উত্তর: গ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



২. 'মাৎস্যন্যায়' ধারণাটি কিসের সাথে সম্পর্কিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ মাছবাজার ⓛ ন্যায় বিচার প্রতিষ্ঠা
ⓖ মাছ ধরার নৌকা ⓘ আইন-শৃঙ্খলাহীন অরাজক অবস্থা **উত্তর: ঘ**

৩. বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ⓚ শশাংক ⓛ বখতিয়ার খলজি
ⓖ বিজয় সেন ⓘ গোপাল **উত্তর: ঘ**

৪. বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশের নাম কি? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ⓚ পাল বংশ ⓛ সেন বংশ
ⓖ ভুইয়া বংশ ⓘ গুপ্ত বংশ **উত্তর: ক**

৫. নিম্নের কোন বংশ প্রায় চারশো বছরের মতো বাংলা শাসন করেছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ মৌর্য বংশ ⓛ গুপ্ত বংশ
ⓖ পাল বংশ ⓘ সেন বংশ **উত্তর: গ**

৬. পাল বংশের প্রথম রাজা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ⓚ গোপাল ⓛ দেবপাল
ⓖ মহীপাল ⓘ রামপাল **উত্তর: ক**

৭. বঙ্গে পাল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ⓚ ধর্মপাল ⓛ দেবপাল
ⓖ গোপাল ⓘ মহীপাল **উত্তর: গ**

৮. পাল বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ গোপাল ⓛ ধর্মপাল
ⓖ রামপাল ⓘ দেবপাল **উত্তর: খ**

৯. পালযুগের পুঁথিচিত্র কোন বস্তুর উপর আঁকা হয়েছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ⓚ কাগজের উপর ⓛ টিনের উপর
ⓖ পাথরের উপর ⓘ তালপাতার উপর **উত্তর: ঘ**

১০. রামসাগর দীঘি কোন জেলায় অবস্থিত? [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ⓚ রংপুর ⓛ দিনাজপুর
ⓖ নবাবগঞ্জ ⓘ কুড়িগ্রাম **উত্তর: খ**

১১. পাল শাসনমলে রচিত একটি কাব্য হলো – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ গীতগোবিন্দ ⓛ মনসামঙ্গল
ⓖ চণ্ডীমঙ্গল ⓘ রামচরিতম **উত্তর: ঘ**

BCS Spotlight

বিডিনিয়োগ.কম
হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## সেন রাজাদের ইতিহাস (The History of the Sena Kings)

### হেমন্ত সেন

বাংলার ব্যাপক অংশ জুড়ে একাদশ শতাব্দীর মাঝপর্বে প্রতিষ্ঠিত হয় শক্তিশালী সেন বংশের শাসন। বাংলায় সেন বংশের প্রতিষ্ঠাতা ছিলেন সামন্ত সেন। তিনি কর্ণাট থেকে বৃদ্ধ বয়সে বাংলায় আসেন। তিনি প্রথমে বসতি স্থাপন করেন রাঢ় অঞ্চলে গঙ্গা নদীর তীরে। তিনি রাজ্য প্রতিষ্ঠা না করায় সেন বংশের প্রথম রাজার মর্যাদা দেওয়া হয় সামন্ত সেনের পুত্র হেমন্ত সেনকে।

### বিজয়সেন (১০৯৮-১১৬০ খ্রি.)

সেন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন বিজয়সেন।

### বল্লাল সেন (১১৬০-১১৭৮ খ্রি.)

বল্লাল সেন বাংলায় সামাজিক সংস্কার বিশেষ করে কৌলিন্য প্রথার প্রবর্তনকারী হিসাবে পরিচিত।

### লক্ষ্মণ সেন (১১৭৮-১২০৬ খ্রি.)

১২০৪ সালে মুসলিম সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজী লক্ষ্মণ সেনকে পরাজিত করে নদীয়া দখল করেন। লক্ষ্মণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে বাংলায় সেন শাসনের অবসান হয়। সেন বংশের রাজারা ছিলেন হিন্দু ধর্মাবলম্বী। সেনযুগের অবসানের মধ্য দিয়ে বাংলায় হিন্দু রাজাদের শাসনের অবসান ঘটে।

## MCQ Solution

১. বাংলার শেষ হিন্দু রাজা কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৭ / আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০০ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ১৪]

ⓚ বিজয় সেন ⓖ লক্ষ্মণ সেন
ⓖ হেমন্ত সেন ⓘ বল্লাল সেন **উত্তর: খ**

২. সেন রাজাদের ধর্ম ছিল -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ⓚ ব্রাহ্ম ⓖ বৌদ্ধ
ⓖ জৈন ⓘ হিন্দু **উত্তর: ঘ**

৩. প্রাচীন বাংলার শাসক পাল ও সেনরা যথাক্রমে কোন ধর্মানুসারী ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]

ⓚ বৌদ্ধ ও হিন্দু ⓖ জৈন ও হিন্দু
ⓖ হিন্দু ও মহাযান বৌদ্ধ ⓘ বৌদ্ধ ও জৈন **উত্তর: ক**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner